

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন

প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃনং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত শতকরা হার (%)	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	০১টি	-	০১ টি	-	--	--	১ বছর (২০%)	-	-

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১টি।

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : প্রকল্পটির বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তন, সহ-অর্থায়নকারীর অন্তর্ভুক্তি, সিডিভ্যাট খাতে ব্যয় বৃদ্ধি, প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীর প্রেষণ/প্রকল্প ভাতার সংস্থানসহ ইত্যাদি কারণে প্রকল্পের সংশোধন করা হয়।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
৩.১	প্রকল্প দলিল যথা টিপিপি যথাযথভাবে প্রণয়ন না হওয়া।	৩.১	যথাযথভাবে প্রকল্প দলিল প্রণয়ন করা।
৩.২	প্রকল্পটির নতুন অর্থায়নকারীর অন্তর্ভুক্তি, বিভিন্ন আইটেমে ব্যয় বৃদ্ধি, প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীর প্রেষণ /প্রকল্প ভাতার সংস্থা নসহ ইত্যাদি কারণে প্রকল্পের সংশোধন করা হয়।	৩.২	প্রকল্প দলিল প্রণয়নকালে উন্নয়নসহযোগী, বিভিন্ন আইটেমের ব্যয়, প্রকল্প ব্যবস্থাপনার লোকবল ও ভাতার বিষয়সমূহে গভীর পর্যালোচনার প্রয়োজনীয়তা রয়েছে।

স্ট্রেংদেনিং ক্যাপাসিটি ফর এইড ইফেকটিভনেস ইন বাংলাদেশ

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : স্ট্রেংদেনিং ক্যাপাসিটি ফর এইড ইফেকটিভনেস ইন বাংলাদেশ।  
 ২। বাস্তবায়নকারী সংস্থা : অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)।  
 ৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : অর্থ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।  
 ৪। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্র:সাঃ)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্র:সাঃ)	১ম সংশোধিত (প্র:সাঃ)		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
প্রাক্কলিত ব্যয়-  মোটঃ ৩৩৫৬.২৫ প্র: সাঃ ৩৩০৬.২৫ জিওবিঃ ৫০.০০	প্রাক্কলিত ব্যয়-  মোটঃ ৩৬৩০.০০ প্র: সাঃ ৩৫৮০.০০ জিওবিঃ ৫০.০০		নভেম্বর, ২০১১ হতে জুন, ২০১৫	নভেম্বর, ২০১১ হতে জুন, ২০১৬	নভেম্বর, ২০১১ হতে জুন, ২০১৬	----	১ বছর (২০%)

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ (পিসিআর অনুযায়ী)

(লক্ষ টাকায়)

	Economic code	ITEM of Work (as per RTPP)	Unit	Target as per Revised TPP		Actual Progress		Reason For deviation (+/-)
				Financial	Physical	Financial	Physical	
		1	2	3	4	5	6	7
1	4827	Production of analytical reports based on AIMS data analysis/mining by Aid Analyst	L.S	33.6		4.14	Completed	
2	4842	One-day workshop with Media, CSO, Parliament Members, Line Ministries, etc.	L.S	44.2		42	Completed	
3	4501	Staff Costs	L.S	1254.5		1160.25	Completed	
4	4829	Functional review & capacity needs assess.	L.S	168		121.36	Completed	
5	4874	Short-term consultants	L.S	96		86.8	Completed	
6	4840	Training	L.S	360		213.7	Completed	
7	4842	Workshops, refreshments	L.S	18.4		18	Completed	
8	4890	Bangladesh Development Forum/Follow-up	L.S	280		100.4	Completed	
9	4801	Study visits	L.S	40		33	Completed	

	Economic code	ITEM of Work (as per RTPP)	Unit	Target as per Revised TPP		Actual Progress		Reason For deviation (+/-)
				Financial	Physical	Financial	Physical	
		1	2	3	4	5	6	7
10	4801	Participation in regional & global AE events as approved by project technical committee	L.S	156		129.28	Completed	
11	4827	Print Production Costs: JCS progress reports, etc.	L.S	20		10	Completed	
12	4601	Web Manager	L.S	43.16		42.1	Completed	
13	4601	LCG Secretariat Support Officer (RCO)	L.S	46.28		45.3	Completed	
14	4840	Project Appraisal (distance course)	L.S	22			Completed	
15	4874	Short-term consultants (PBA)	L.S	128		81.14	Completed	
16	4842	Training conducted on Digital ECNEC in PD and LMs	L.S	33.8			Completed	
17	4911	Customization of Planning Division tools	L.S	60			Completed	
18	4840	Roll out support to ERD/Training	L.S	53			Completed	
19	4895	Sitting Allowance (GoB)	L.S	17.67		14.9	Completed	
20	4883	Honorarium (GoB)	L.S	3.33		3.2	Completed	
21	4795	Deputation Allowance/Project Allowance (GoB)	L.S	12.5		7.66	Completed	
22	4804	Misc expenses for PD's Office (GoB)	L.S	3.92		1.68	Completed	
23	4823	Fuel and Rental Car	L.S	56		50.73	Completed	
24	4804	Contingency	L.S	80.49			Completed	
25	4848	UNDP GMS and UNDP rent	L.S	209.24		70.73	Completed	
<b>Subtotal (Revenue component)</b>					<b>3240.09</b>		<b>2236.37</b>	
26	6817	Database customization & technical support	L.S	165		105.77	Completed	
27	6815	Servers, computers, printers, database hosting, etc	L.S	83.59		83.73	Completed	
28	6823	Telephone, Fax, Mobile (rents)	L.S	43.97		13.9	Completed	
29	6819	Office Equipment	L.S	25.7		14.2	Completed	
30	6807	Project car (Microbus)	L.S	23.86		24.95	Completed	
31	6817	Website hosting	L.S	5.61		0.58	Completed	
32	7901	CD/VAT (GoB)	L.S	12.58		40.49	Completed	
33	6819	stationary, cartridges	L.S	29.6		20.49	Completed	
<b>Subtotal (Capital Component)</b>					<b>389.91</b>		<b>304.11</b>	
<b>Grand total (a+b):</b>					<b>3630</b>		<b>2540.48</b>	

\*জুন, ২০১৬ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ব্যয় ২৫৪০.৪৮ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৭০%।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের পটভূমিঃ** বাংলাদেশের উন্নয়নে বৈদেশিক সাহায্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গত ১০ বৎসর যাবৎ বাংলাদেশ প্রতি বৎসর গড়ে ১.৫৪ বিলিয়ন (১৫৪ কোটি) মার্কিন ডলার বৈদেশিক সাহায্য গ্রহণ করছে। এ বৈদেশিক সাহায্য দেশের মোট জাতীয় আয়ের মাত্র ২% হলেও বাংলাদেশের উন্নয়ন বাজেটের প্রায় ৫০%। বৈদেশিক সাহায্যের প্রায় ৭০% আসে বিভিন্ন প্রকার ঋণ সহায়তা থেকে এবং বাকী ৩০% অনুদান সহায়তা হিসেবে। বৈদেশিক সাহায্য ও উন্নয়ন কার্যকারিতার ক্ষেত্রে নীতি পর্যায়ে প্রশংসনীয় অগ্রগতি সাধিত হলেও জাতীয় উন্নয়ন পরিকল্পনা, কার্যক্রম এবং বাজেট প্রক্রিয়ায় এই কার্যকারিতার সম্পূর্ণতা দানের ক্ষেত্রে অগ্রগতি সীমিত। সরকারি পর্যায়ে প্রাতিষ্ঠানিক দুর্বলতা এবং সামর্থ্যের সীমাবদ্ধতার কারণে আন্তর্জাতিক সাহায্য কার্যকারিতা অঙ্গীকার বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। কিছু পরস্পর সংযুক্ত ও পরস্পর নির্ভরশীল কাঠামোগত, পদ্ধতিগত ও সামর্থ্যগত সমস্যার কারণে বাংলাদেশ সাহায্য ও উন্নয়ন কার্যকারিতার সাফল্য কাঙ্ক্ষিত পর্যায়ের চেয়ে কম। সামগ্রিকভাবে সকল সীমাবদ্ধতা, সমস্যা ও বাধাসমূহ দূর করে বাংলাদেশ সাহায্য ও উন্নয়ন কার্যকারিতার ক্ষেত্রে স্থায়ী ও ব্যাপক অগ্রগতির লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে ইউএনডিপি সাহায্যপুষ্ঠ “বাংলাদেশে সাহায্য কার্যকারিতার সামর্থ্য শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়।

৮। **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে উন্নয়নের সুফল নিশ্চিতকরণের লক্ষ্যে বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনার সামর্থ্য বৃদ্ধি ও পদ্ধতিসমূহের উন্নয়ন এবং যৌথ সংলাপ ও সমন্বয় জোরদারকরণের মাধ্যমে বৈদেশিক সাহায্যের বন্টন, ব্যবস্থাপনা ও ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করা। এই উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য (১) বৈদেশিক সাহায্য প্রবাহে স্বচ্ছতা এবং বাংলাদেশ সরকারের বৈদেশিক সাহায্য তথ্য ব্যবস্থাপনার উন্নয়ন, (২) ইআরডি’র বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনা সামর্থ্য শক্তিশালীকরণ (৩) লোকাল কনসালটেন্ট গুপ (এলসিজি) শক্তিশালীকরণ এবং (৪) বৈদেশিক সাহায্যপুষ্ঠ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের বৈদেশিক সাহায্য সমন্বয় ও ব্যবস্থাপনা সামর্থ্য শক্তিশালীকরণ।

৯। **প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় স্থানীয়-২০০ জনমাস, আন্তর্জাতিক-৪১ জনমাস নিয়োগ এবং ১টি মাইক্রোবাস, কম্পিউটার ও অফিস সরঞ্জাম, ডাটাবেজ কাস্টমাইজেশন এবং প্রযুক্তিগত সহায়তা সেবা ইত্যাদি ক্রয় করা হয়েছে।

১০। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ** প্রকল্পটির মূল টিপিপি গত ২০-১১-২০১১ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ৩৩৫৬.২৫ লক্ষ (জিওবি ৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য (অনুদান) ৩৩০৬.২৫ লক্ষ ) টাকা ব্যয়ে নভেম্বর, ২০১১ থেকে জুন, ২০১৫ মেয়াদে অনুমোদন লাভ করে। পরবর্তীতে গত ০১-০৪-২০১৩ তারিখে প্রকল্পটির মোট ৩৬৩০.০০ লক্ষ (জিওবি ৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য (অনুদান) ৩৫৮০.২৫ লক্ষ ) টাকা ব্যয়ে মেয়াদ জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করে সংশোধন করা হয়।

## ১১। প্রকল্প পরিদর্শনঃ

১১.১ আইএমইডি’র উপ-পরিচালক জনাব কোহিনুর আক্তার কর্তৃক ১০/১০/২০১৭ তারিখে ঢাকার শের-ই-বাংলা নগরে অবস্থিত প্রকল্প কার্যালয় সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সংগে আলোচনা, প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১১.২ প্র কল্পের অফিস পরিদর্শনকালে প্রকল্পের আওতায় সম্পাদিত কৌশলপত্রসমূহ প্রদর্শন করা হয়। প্রকল্পটির মূল অর্থায়নকারী হলো ইউএনডিপি। তবে প্রকল্পটিতে সহ-অর্থায়নকারী হিসেবে ইউএনডিপি’র সাথে আলাদাভাবে চুক্তি সম্পন্ন করে ডেনমার্ক, ডিএফআইডি, অস্ট্রেলিয়া।

১১.৩ প্রকল্পের আওতায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ‘ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগ’ শীর্ষক নতুন অনুবিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনায় জানা যায় যে , বাংলাদেশে ডেভেলপমেন্ট ইফেকটিভনেস সংক্রান্ত কার্যক্রমকে শক্তিশালী করা, এ সম্পর্কে সরকার তথা বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে পরামর্শ প্রদান, ইনোভেটিভ ফাইন্যান্সিং, দক্ষিণ-দক্ষিণ সহায়তা ও জলবায়ু অর্থায়ন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন এবং ডেভেলপমেন্ট ইফেকটিভনেস ও এর সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে তথ্য-উপাত্ত ও গবেষণালব্ধ পর্যবেক্ষণ দিয়ে সরকারকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা ইত্যাদি নতুন অনুবিভাগের দায়িত্ব। এছাড়া নতুন অনুবিভাগ সরকার ও উন্নয়ন সহযোগীদের সমন্বয় সহায়ক প্ল্যাটফর্ম লোকাল কনসালটেন্ট গ্রুপ (Local Consultative Group)-এর সচিবালয় হিসেবেও কাজ করবে মর্মে জানা যায়।

১১.৪ প্রকল্পের আওতায় বাংলাদেশে বৈদেশিক সহায়তার প্রবাহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনভিত্তিক Aid Information Management System (AIMS) প্রতিষ্ঠা করা হয়েছে। ভবিষ্যতে সরকার ও উন্নয়ন সহযোগী মিলে AIMS-কে উন্নয়ন সহায়তা সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার একক উৎস হিসেবে গড়ে তুলতে সক্ষম হবে এবং জনগণ বৈদেশিক সহায়তা বিষয়ক তথ্যে অভিজ্ঞতা লাভ করবে, ফলে গণতদারকী নিশ্চিত হবে মর্মে জানা যায়।

১১.৫ বাংলাদেশে উন্নয়ন সহায়তার ওপর রাষ্ট্রের কর্তৃত্ব প্রতিষ্ঠা, উন্নয়ন সহায়তা আহরণ, বরাদ্দ ও বাস্তবায়নের ক্ষেত্রে একটি সুসংহত ও সমন্বিত কর্মপন্থা অবলম্বন এবং সর্বোপরি বৈদেশিক সহায়তা ব্যবস্থাপনায় গুনগত পরির্তন আনয়নের লক্ষ্যে বাংলাদেশের ইতিহাসে সর্বপ্রথম “উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা” এর খসড়া প্রণয়ন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। এ নীতিমালা দেশে আন্তর্জাতিক পর্যায়ে গৃহীত অঙ্গীকারের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি ফলাফল নির্ভর উন্নয়ন সহায়তা ব্যবস্থাপনা প্রবর্তনে প্রধান নিয়মের ভূমিকা পালন করবে মর্মে ধারণা করা হচ্ছে।

১১.৬ প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের Functional Review and Capacity Need Assessment করে চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা অবহিত করেন। এছাড়া, প্রকল্পের সহায়তায় ৫টি লাইন মন্ত্রণালয়/বিভাগের Capacity Assessment এবং Capacity Development Strategy- প্রণয়ন করে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট হস্তান্তর করা হয়েছে বলে জানা যায়।

১১.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত অফিস সামগ্রী/মালামাল প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ‘ডেভেলপমেন্ট ইফেক্টিভনেস অনুবিভাগ’ শীর্ষক নতুন অনুবিভাগে ব্যবহার করা হচ্ছে। পিসিআর অনুযায়ী এ প্রকল্পের মাধ্যমে সংগৃহীত মাইক্রোবাস কেন্দ্রীয় পরিবহন পুল-এ হস্তান্তর করা হয়েছে।

১২। **ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ** প্রকল্পের আওতায় ইউএনডিপি কর্তৃক পরামর্শক সংস্থা/ব্যক্তিগত পরামর্শক নিয়োগের মাধ্যমে পরামর্শক সেবা গ্রহণ করা হয়েছে। এছাড়া, ইউএনডিপির মাধ্যমে প্রকল্পের প্রয়োজনীয় স্টেশনারী, কমপিউটার ও অফিস সামগ্রী ক্রয় করা হয়েছে। ইউএনওপিএস কর্তৃক ১টি প্যাকেজে ১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে।

১৩। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** প্রকল্পের শুরু হতে জুন, ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৫৪০.৪৮ লক্ষ টাকা, যা প্রকল্পের অনুমোদিত ব্যয়ের ৮৬.৯১%। পিসিআর অনুসারে প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			ব্যয়		
	মোট	টাকা	প্রঃ সাঃ	মোট	টাকা	প্রঃসাঃ
১	২	৩	৪	৬	৭	৮
২০১২-১৩	৬৯৮	২২	৬৭৬	৫২০.৩	১৮.৮৪	৫০১.৪৬
২০১৩-১৪	৭৫৬	১০	৭৪৬	৬৫৫.৪৫	৬.১৩	৬৪৯.৩২
২০১৪-১৫	৬৫৩	১১	৬৪২	৬২৯.০২	৫.৪৯	৬২৩.৫৩
২০১৫-১৬	৮১৬	১৬	৮০০	৭৩৫.৭১	৯.৫৬	৭২৬.১৫
মোটঃ	২৯২৩	৫৯	২৮৬৪	২৫৪০.৪৮	৪০.০২	২৫০০.৪৬

১৪। **উপকারভোগীদের মতামতঃ** প্রকল্পের সরাসরি উপকারভোগী অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ। এছাড়া প্রকল্পে আওতায় প্রস্তুতকৃত বিভিন্ন কৌশলপত্র বিভিন্ন গুপের অংশীজন যেমন, জন প্রতিনিধি, স্থানীয় অভিজাতশ্রেণী, স্থানীয় প্রশাসন, শিক্ষক, ধর্মীয় প্রতিনিধি, মহিলাদের প্রতিনিধি এবং এনজিও প্রতিনিধিদের সাথে কর্মশালার আয়োজন করে শেয়ার করা হয়েছিল। এসব অংশীজনের মতামত এইড পলিসি ও এইড ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেমকে উন্নত করতে সহায়তা করে।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব নুরজাহান বেগম, যুগ্ম-সচিব	না	হ্যাঁ	১৯.০২.২০১২	০৬.০৮.২০১৪
মিজ্ মহমুদা বেগম, অতিরিক্ত সচিব	না	হ্যাঁ	০৭.০৮.২০১৪	৩১.১২.২০১৪
জনাব মনোয়ার আহমেদ, অতিরিক্ত সচিব	না	হ্যাঁ	০১.০১.২০১৫	৩০.০৬.২০১৬

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
বৈদেশিক সাহায্য প্রবাহে স্বচ্ছতা এবং বাংলাদেশ সরকারের বৈদেশিক সাহায্য তথ্য ব্যবস্থাপনার উন্নয়ন	বাংলাদেশে বৈদেশিক সহায়তার প্রবাহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনভিত্তিক Aid Information Management System (AIMS) প্রতিষ্ঠা করা হয়েছে।
ইআরডি'র বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনা সামর্থ্য শক্তিশালীকরণ	ক) প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে 'ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগ' শীর্ষক নতুন অনুবিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। খ) বৈদেশিক সহায়তা ব্যবস্থাপনায় গুনগত পরির্তন আনয়নের লক্ষ্যে বাংলাদেশের ইতিহাসে সর্বপ্রথম "উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। গ) প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের Functional Review and Capacity Need Assessment করে চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। ঘ) বৈদেশিক সহায়তা র কার্য কর ব্যবহার ও ব্যস্থাপনার উপর ইআরডি 'র কর্মকর্তাদের ২৫ জনকে ভিয়েতনাম, বুয়াডা, কম্বোডিয়ায় এবং ৬৩ জনকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
লোকাল কনসালটেন্ট গুপ (এলসিজি) শক্তিশালীকরণ	ক) প্রকল্পটি জিওবি এবং ডিপিগুলির মধ্যে সমন্বয়কে শক্তিশালী করার লক্ষ্যে এলসিজি প্ল্যানরিজ সংগঠিত করেছে। খ) প্রকল্পটি সরকার ও উন্নয়ন সহযোগীদের সমন্বয় সহায়ক প্ল্যাটফর্ম এলসিজি (Local Consultative Group) প্ল্যানারির পূর্ণকালীন সচিবিক সহায়তা প্রদান করে। গ) প্রকল্পটি উন্নত সমন্বয়, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত তথ্য প্রচারের জন্য এলসিজি ওয়েবসাইটে হোস্টিং এবং আপডেট করার করার কাজে সহযোগিতা করেছে। ঘ) প্রকল্পটি ১৮টি সেক্টরাল ওয়ার্কিং গ্রুপ তৈরী এবং কার্যকরী করার কাজে সহায়তা প্রদান করে। ঙ) প্রকল্পটি যৌথ সহযোগিতা কৌশল (জেএসএস)-এর কর্ম-পরিকল্পনা (২০১১-২০১৫) এর বাস্তবায়ন অগ্রগতির পর্যায়ক্রমিক পর্যালোচনাতে সহায়তা করে। চ) ২য় জয়েন্ট কো-অপারেশন স্ট্র্যাটেজি (২০১৬-২০) এর একটি জিরো ড্রাফট প্রস্তুত করা হয়েছে এবং প্রকল্পটির সহায়তায় উন্নয়ন সহযোগীদের সাথে একটি পরামর্শ সভা সম্পন্ন হয়েছে। ছ) বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগীদের (ডিপি'র) মধ্যে সমন্বয়কে শক্তিশালী করার উদ্যোগের অংশ হিসাবে বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম-২০১১ প্রকল্পটির সহায়তায় আয়োজন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর এ ফোরামের উদ্বোধন করেন এবং বাংলাদেশ সরকার ও ডিপি'দের মধ্য হতে উচ্চ পর্যায়ের কর্মকর্তারা ফোরামে অংশগ্রহণ করেন।
বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের বৈদেশিক সাহায্য সমন্বয় ও ব্যবস্থাপনা সামর্থ্য শক্তিশালীকরণ।	ক) প্রকল্পের সহায়তায় ৫টি লাইন মন্ত্রণালয়/বিভাগের Capacity Assessment-সম্পন্ন হয়েছে এবং রিপোর্ট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট হস্তান্তর করা হয়েছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রযোজ্য নয়।

১৮। অডিট সংক্রান্তঃ প্রকল্পটির অডিট সম্পন্ন হয়েছে।

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হয় নি।

২০। পর্যবেক্ষণঃ

২০.১ স্ট্রেন্গেনিং ক্যাপাসিটি ফর এইড ইফেকটিভনেস ইন বাংলাদেশ এইড ইফেকটিভনেস ইউনিট 'শীর্ষক প্রকল্পটির বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তন, সহ-অর্থায়নকারীর অন্তর্ভুক্তি, সিডিভ্যাট খাতে ব্যয় বৃদ্ধি, প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর প্রেষণ/প্রকল্প ভারত সংস্থানসহ ইত্যাদি কারণে প্রকল্পের সংশোধন করা হয়। ( অনু: ১১.২)

২০.২ প্রকল্পের আওতায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগে 'ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগ' শীর্ষক নতুন অনুবিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। এ অনুবিভাগে মোট ৩৮টি পদের সংস্থান রয়েছে ( অনু: ১১.৩)।

২০.৩ অনলাইনভিত্তিক Aid Information Management System (AIMS) সচল রয়েছে (অনু: ১১.৪)।

২০.৪ "উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা" এর খসড়া প্রদর্শন করা হয়। নীতিমালাটি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে (অনু:-১১.৫)।

২০.৫ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের 'Functional Review and Capacity Need Assessment'-এর চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে (অনু: ১১.৬)।

২০.৬ প্রকল্পের আওতায় ৫টি লাইন মন্ত্রণালয়/বিভাগের যথা- পরিকল্পনা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের Capacity Assessment এবং Capacity Development Strategy- প্রণয়ন করে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট হস্তান্তর করা হয়েছে (অনু: ১১.৭)।

২০.৭ সমাপ্ত প্রকল্পটির অডিট সম্পন্ন হয়েছে (অনু: ১৮)।

## ২১। আইএমইডির মতামত/সুপারিশঃ

২১.১ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সৃষ্ট নতুন 'ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগ '-কে কার্যকরী রাখা এবং কার্যক্রম পরিচালনায় গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজনীয় জনবলের পদায়ন নিশ্চিত করতে হবে (অনু: ২০.২)।

২১.২ ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগ '-কে কর্মবর্ষণ অনুযায়ী বাংলাদেশে ডেভেলপমেন্ট ইফেকটিভনেস সংক্রান্ত কার্যক্রমকে শক্তিশালী করা, এ সম্পর্কে সরকার তথা বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে পরামর্শ প্রদান ও বিভিন্ন বিষয়ে সহযোগিতা প্রদান করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে (অনু:২০.২)।

২১.৩ অনলাইনভিত্তিক Aid Information Management System (AIMS)-কে সচল ও আপডেট রাখার বিষয়ে তৎপর হতে হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ২০.৩)।

২১.৪ AIMS-কে উন্নয়ন সহায়তা সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার একক উৎস হিসেবে গড়ে তুলতে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে (অনু: ২০.৩)।

২১.৫ মন্ত্রণালয়/বিভাগকে 'উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা" এর খসড়া টি দ্রুত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ২০.৪)।

২১.৬ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের 'Functional Review and Capacity Need Assessment'-এর চূড়ান্ত প্রতিবেদনে প্রতিফলিত সুপারিশসমূহ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ২০.৫)।

২১.৭ যে ৫টি লাইন মন্ত্রণালয়/বিভাগের Capacity Assessment এবং Capacity Development Strategy- প্রণয়ন করে হস্তান্তর করা হয়েছে, সে সব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা ও এ সম্পর্কিত অগ্রগতি পর্যালোচনা করতে হবে এবং এর নিয়মিত ফলোআপ করতে হবে (অনু: ২০.৬)।

২১.৮ অনুচ্ছেদ ২১.১ হতে ২০.৭ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয় /বিভাগ আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।